



নম্বর: ৪০.০০.০০০০.০১১.৯৯.০১২.২০.৪৫৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৭
০১ ডিসেম্বর ২০২০

অফিস আদেশ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর ২য় ঢেউ (second wave) মোকাবেলা করার জন্য মাননীয় প্রতিমন্ত্রী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে কর্মরত সকলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। বৈশ্বিক অতিমারী করোনা সংক্রমণ প্রতিরোধে নিম্নোক্ত অনুশাসন প্রতিপালন করতে হবে:

- * কোন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে কোভিড-১৯ এর লক্ষণ যেমন: জ্বর, সর্দি, কাশি বা অন্যান্য উপসর্গ প্রকাশ পেলে মন্ত্রণালয়ের প্রশাসন শাখাকে অবহিত করে স্ব-স্ব বাসায় অবস্থান করতে হবে;
- * কোভিড-১৯ এর লক্ষণ দেখা দিলে দ্রুত পরীক্ষা করাতে হবে এবং পরীক্ষায় কোভিড-১৯ নেগেটিভ হলে কোন অজুহাতেই অফিসে অনুপস্থিত থাকা যাবে না;
- * পরীক্ষায় কোভিড-১৯ পজিটিভ হলে সেই কর্মকর্তা-কর্মচারীকে পরবর্তীতে কোভিড-১৯ নেগেটিভ না-হওয়া পর্যন্ত বাসায় অবস্থান করে চিকিৎসা গ্রহণ করতে হবে। রিপোর্ট নেগেটিভ আসলে মন্ত্রণালয়কে অবহিত করে অফিসে উপস্থিত হতে হবে;
- * কর্মস্থলে অবস্থানকালে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক সাবান পানি দিয়ে হাত ধুতে হবে এবং মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার ব্যবহার করতে হবে; এবং
- * পরীক্ষায় কোভিড-১৯ নেগেটিভ/পজিটিভ যাই হোক মন্ত্রণালয়ের প্রশাসন শাখায় উক্ত রিপোর্টের অনুলিপি প্রেরণ করতে হবে।

০২। এমতাবস্থায়, সকল কর্মকর্তা/কর্মচারীকে বর্ণিত অনুশাসন প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোর্শেদা

২-১২-২০২০

মোর্শেদা আক্তার

উপসচিব

ফোন: ৯৫১৪০৭৩

ইমেইল: dsadmin@mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০১১.৯৯.০১২.২০.৪৫৩/১(৮১)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৭
০১ ডিসেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সকল অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব সকল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) উপসচিব সকল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) কর্মরত কর্মকর্তা/কর্মচারী (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৯) অফিস কপি

মোর্শেদা

২-১২-২০২০

মোর্শেদা আক্তার

উপসচিব